নতুন দিন

2q el, 20 Zg msL¨v | ‡deª“qvwi-2020 | GUv wkÿv cK‡í i gwmK e‡jwUb

## এলসিতে গতিশীলতা আনতে এলসিএমসি অরিয়েন্টেশন সম্পূর্ণ



এলসিএমসি অরিয়েন্টেশনে কথা বলছে সদস্যরা। ছবি: মিজান

উখিয়া রোহিঙ্গা ক্যাম্পে কোস্ট পরিচালিত ৭৯টা লার্নিং সেন্টারে, লার্নিং সেন্টার ব্যবস্থাপনা কমিটির (এলসিএমসি) অরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। প্রতি বছরের মতো এইবারও এলসিএমসির সদস্যরা স্বতস্ফূর্তভাবে অরিয়েন্টেশনে অংশগ্রহণ করেন। এটা ছিল এই বছরের প্রথম অরিয়েন্টেশন। ২০ ফেব্রুয়ারি থেকে ২৬ ফেব্রুয়ারি মোট ছয় দিনে ৭৯টি লার্নিং সেন্টারে এলসিএমসি অরিয়েন্টেশনে সম্পূর্ণ হয়। লার্নিং সেন্টার কমিটির দায়িত্বপ্রাপ্ত সদস্যদের কাজে সক্রিয়া করা, নতুন সদস্যদের দায়িত্ব সম্পর্কে অবগত করা, বর্রতমান শিশুদের নিয়মিত করা, নতুন সদস্য নিয়ে আসা, কমিটির সদস্যদের সক্ষমতা বৃদ্ধি করা, সচেতনতা সৃষ্টি এবং কমিটির সদস্যদের অনীহা দূর করে সক্রিয় অংশেগ্রহণে উদ্বুদ্ধ করতে এই অনুষ্ঠান আয়োজন করা হয়। এতে কমিটির সদস্যরা আনন্দের সাথে তাদের মতামত প্রদান করেন।

কাবোরি এলসির সভাপতি জাহিদ হাসান বলেন- কাবোরি এলসি হচ্ছে আমাদের সম্পদ। এই লার্নিং সেন্টার রক্ষা করা আমাদের দায়িত্ব। আমাদের সন্তানদের লার্নিং সেন্টারে পাঠানো আমাদের দায়িত্ব যা আমাদের নিশ্চিত করতে হবে। আমি এখন থেকে নিয়মিত লার্নিং সেন্টার দেখতে আসবো এবং অভিভাবকদের তাদের সন্তানদের স্কুলে পাঠাতে অনুরোধ করবো।

মিন্ডানো লার্নিং সেন্টারের সভাপতি সোবহান বলেন-আরা নিয়মিত লার্নিং সেন্টারত আইয়েরে স্যার ওয়ালে কি পড়ার যাচাই গইজ্জম। লার্নিং সেন্টারত যেন পোয়ান আইয়ে এতেল্লাই হাজ গইজ্জম। (আমরা সামনে থেকে নিয়মিত লার্নিং সেন্টারে শিক্ষকরা কি পড়াচ্ছেন তা দেখতে আসবো। শিক্ষার্থীদের উপস্থিতি ১০০% নিশ্চিত করার চেষ্টা করবো।

### শিক্ষক প্রশিক্ষণ

## স্থানীয় এবং রোহিঙ্গা শিক্ষকদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণের আয়োজন

ক্যাম্প-১৪ এর মারটিন লার্নিং সেন্টারে কোস্টের আয়োজনে রোহিঙ্গা শিক্ষকদের জন্যে দুই দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। ১১ ফেব্রুয়ারি শুরু হয়ে এই প্রশিক্ষণ চলে ১২ ফেব্রুয়ারি সন্ধ্যা পর্যন্ত। দুই দিন ব্যাপী এই প্রশিক্ষণে ২৭ জন রোহিঙ্গা শিক্ষক অংশগ্রহণ করেন। দুইজন রোহিঙ্গা প্রশিক্ষক এবং কোস্ট শিক্ষা টিমের ৩ জন প্রশিক্ষক তাদেরকে প্রশিক্ষণ প্রদান করেন। ক্যাম্প-১৪ ক্যাম্প ইনচার্য জনাব কাজী ফারুক আহমেদ এতে অংশগ্রহণ করেন।

কাজী ফারুক আহমেদ রোহিঙ্গা শিক্ষকদের উদ্দেশ্যে বলেন- সকল শিক্ষার্থী তোমাদের আত্মীয়। ওরা শিক্ষিত হলে তোমাদের কষ্টের কথা সারা বিশ্বে তুলে ধরতে পারবে। তোমাদের উচিত তাদেরকে ভালো ভাবে শিক্ষা দেওয়া।

কোস্টের লার্নিং সেন্টারের প্রশংসা করে তিনি বলেন- কোস্টের লার্নিং সেন্টার অন্যদের চেয়ে আলাদা। কোস্ট আনেক সুন্দরভাবে সাজিয়েছেন। শিক্ষার সুন্দর পরিবেশের জন্যে এটা খুবই গুরুত্বপূর্ণ।

এছাড়াও কোস্ট কক্সবাজার আঞ্চলিক অফিসে ২৮ জন নতুন স্থানীয় শিক্ষকদের জন্যে প্রশিক্ষণের ব্যবস্থা করেন। ২ জন প্রগাম অফিসারও এতে অংশগ্রহণ করেন। কোস্ট শিক্ষা টিমের প্রশিক্ষক মোহাম্মদ জাবেদুল ইসলামের নেতৃত্বে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। শিক্ষা টিমের অন্য দুইজন প্রশিক্ষক তাকে সার্বক্ষণিক সহযোগিতা করেন। ২৪ ফেব্রুয়ারি শুরু হয়ে ২৭ তারিখ এই প্রশিক্ষণ শেষ হয়।

প্রশিক্ষণের দ্বিতীয় দিন প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন ক্যাম্প-১৪ এর দায়িত্বপ্রাপ্ত ক্যাম্প ইনচার্য কাজী ফারুক আহমেদ। তিনি স্থানীয় শিক্ষকদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করেন। তৃতীয় দিন প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন ক্যাম্প-২ দায়িত্বপ্রাপ্ত ক্যাম্প ইনচার্য জনাব খলিলুর রহমান। তিনি রোহিঙ্গাদের ইতিহাস এবং পাঠদান পদ্ধতি কেমন হবে সে বিষয়ে অবহিত করেন।



স্থানীয় শিক্ষকদের প্রশিক্ষণে একটা অংশ। ছবি: মিনার

### এলসি সংস্কার

## 'আমাদের সন্তানদের স্কুলে পাঠালে চিন্তায় থাকব না'



সংস্কার পরবর্তী এলসি। ছবি: আলম বাদশা

বর্ষার আগাম প্রস্তুতি উপলক্ষে কোস্ট পরিচালিত লার্নিং সেন্টারে সংস্কার কাজ সম্পূর্ণ হয়েছে। কাজের শুরু করার আগে শিক্ষক এবং এলসিএমসি কমিটির কাছ থেকে প্রথমে তালিকা সংগ্রহ করা হয়। উনাদের পাঠানো চাহিদার ভিত্তিতে আমাদের প্রজেক্ট ইঞ্জিনিয়ার আলম বাদশা প্লান তৈরি করেন। ইঞ্জিনিয়ার আলম বাদশার নীবিড় তথ্যাবদানে এই সংস্কার কাজ শেষ হয়।

প্রাকৃতিক দুর্যোগ, আগাম বর্ষা থেকে আমাদের লার্নিং সেন্টার নিরাপদ রাখতে বারান্দা, পানি যাওয়ার ড্রেন, ঘরের ছাঁদ ইত্যাদি সংস্কার করা হয়। লার্নিং সেন্টারের শিক্ষার্থী এবং অভিভাবকরা সংস্কার কাজের প্রশংসা করেন। অনেক অভিভাবক মনে করেন তাদের সন্তানেরা এখন নিরাপদে লার্নিং সেন্টারে শিক্ষা নিতে পারবেন। সংস্কার কাজ করা অনেক স্কুলের মধ্যে একটি নিউটন লার্নিং সেন্টার। এখানে ছাদ, বারান্দা সংস্কার করা হয়। নতুন করে রং করার মাধ্যমে লার্নিং সেন্টার আরও বেশি সুন্দর হয়ে উঠেছে। যা শিক্ষার্থীদের লার্নিং সেন্টারে আসতে আগ্রহী করে তোলেছে।

নিউটন লার্নিং সেন্টারের অভিভাবক নুরুল আমিন বলেন- বর্তমানে আমাদের লার্নিং সেন্টার আগেই চেয়ে অনেক সুন্দর হয়েছে। আমাদের সন্তানদের স্কুলে পাঠালে চিন্তায় থাকব না। এখন লার্নিং সেন্টার আমাদের ঘরের চেয়ে অনেক নিরাপদ।

## wkÿv e`‡j w`‡"Q †ivwn½v wkï‡`i AvPiY

মোহাম্মদ ফারুক নেপোলিয়ন এলসির স্থানীয় শিক্ষক। তিনি শিক্ষার্থীদের পরিস্কার পরিচচ্ছন্ন রাখতে সব সময় উপদেশ প্রদান করেন। এছাড়া বিভিন্ন সময় হাত ধৌত করার বিষয়ে তার ছাত্র-ছাত্রীদেপ হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করেন। ফারুক একদিন নিজে ওয়াল্ড ভিশনের কাছে অনুরোধ করেন তার স্কুলে এসে শিক্ষার্থীদের পরিস্কার পরিচ্ছন্নতার উপর প্রশিক্ষণ এবং সচেতন করতে।



ওয়াল্ড ভিশন টিম এলসির শিক্ষার্থীদের হাত ধৌয়ার প্রশিক্ষণ দিচ্ছেন। ছবি: আজহার

ফারুকের অনুরোধে ওয়াল্ড ভিশন প্রটেকশন প্রজেক্টের একটি টিম নেপোলিয়ন লার্নিং সেন্টারে আসেন শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করতে। এছাড়াও সামাজিক নীতি, নৈতিকতা বিষয়েও শিক্ষার্থীদের সচেতন করেন। কিভাবে রাস্তা দিয়ে হাঁটবে, কিভাবে বড়দের সাথে কথা বলবে, লার্নিং সেন্টারে শিক্ষকদের সাথে কিভাবে আচরণ করতে হবে এই বিষয়ে আলোচনা করেন। শিক্ষার্থীরা আনন্দের সাথে তাদের এই কার্যক্রমে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে শিক্ষার্থীরা সাংস্কতিক অনুষ্ঠান এবং খেলাধুলায় অংশগ্রহণ করে।

এই প্রশিক্ষণ এবং শিক্ষক ফারুকের নিয়মিত চেষ্টায় নেপোলিয়ন লার্নিং সেন্টারের শিক্ষার্থী উপস্থিতির সংখ্যা বৃদ্ধি পেয়েছে। শিক্ষার্থীরা নিয়মিত পরিস্কার, পরিচ্ছন্ন হয়ে ক্লাসে উপস্থিত হচ্ছেন। অনেক এলসি নেপোলিয়ন লার্নিং সেন্টারকে অনুসরণ করছে।

| wmwi | gvP g‡mi Kv‡Ri cwiKíbv | লক্ষ্য মাত্রা |
|---|---|---|
| ১ | মাসিক স্ট্যাফ সমন্বয় সভা | ১ |
| ২ | শিক্ষকদের মাসিক সমন্বয় সভা | ১ |
| ৩ | লানিং সেন্টার ব্যবস্থাপনা কমিটির মাসিক সভা | ৮০ |
| ৪ | পিতা-মাতাদের শিক্ষা | ৮০ |
| ৫ | অভিভাবকদের সাথে কর্যক্রম সম্পর্কে সভা | ৮০ |
| ৬ | জরুরি প্রস্তুতি এবং সেবা প্রদান বিষয়ক সভা | ১(৩ ব্যাচ) |
| ৭ | ধর্মীয় নেতাদের সাথে ওরিয়েন্টেশন | ১০ ব্যাচ (৮০এলসি) |
| ৮ | কমিউনিটি সংলাপ (১০ ব্যাচ) | ৮০ |
| ৯ | দিন ব্যাপী শিক্ষা মেলা | ৪ |
| ১০ | শিক্ষা বিষয়ক কমিউনিটি সচেতনতা মিটিং | ১০ |

### ছবি সমগ্র:









যোগাযোগঃ মোবাইলঃ ০১৭৬২৬২৪৮০৮, ই-মেইলঃ jasim.coast@gmail.com